দৈনিক বাংলা

তারিখ 01 JUL 1987
পৃষ্ঠা 1 কলাম ৮

১৬ই আষাঢ় ১৩৯৪ বং

# ছাত্রবেতনের সঙ্গে প্রতি মাসে ৩০ টাকা বিবিধ ফি !

॥ স্টাফ রিপোর্টার ॥

সরকারী সিদ্ধান্তকে উপেক্ষা করে মহানগরী ঢাকার কয়েকটি বেসরকারী স্কুল জুলাই থেকে ছাত্র বেতন অথবা অন্যান্য ফী বাড়িয়ে দিয়েছে।

সরকারী নির্দেশ রয়েছে সরকারের অনুমতি ছাড়া কোন বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রবেতন ও

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিবিধ ফি

(১-এর পৃষ্ঠার পর)

অন্যান্য ফী বাড়ানো যাবে না।

সেগুনবাগিচা উচ্চবিদ্যালয় চলতি জুলাই মাস থেকে ছাত্রবেতন বাড়িয়ে দিয়েছে।

পুরানা পল্টনের লিটল জুয়েলস স্কুলে চলতি জুলাই মাস থেকে ছাত্রবেতনের সঙ্গে প্রতিমাসে ৩০ টাকা বিবিধ ফী ধার্য করা হয়েছে।

নতুন এই বিবিধ ফী ধার্য সম্পর্কে স্কুল কর্তৃপক্ষ অভিভাবকদের চিঠিতে জানিয়েছেন যে স্কুলের উন্নতমান ও পরিবেশ রক্ষা, শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের বেতন বৃদ্ধিসহ বিভিন্ন কারণে স্কুলের খরচ গত বছরের চেয়ে প্রায় এক-তৃতীয়াংশ বেড়ে গেছে। এই বাড়তি ব্যয় মেটানোর জন্যেই ছাত্রদের বেতনের সঙ্গে বিবিধ ফী হিসেবে নতুন চার্জ ধরা হয়েছে।

বিভিন্ন অভিভাবক শিক্ষা বছরের মাঝামাঝি সময়ে নতুন চার্জ ধার্য করার চিঠি পেয়ে বিস্মিত ও ক্ষুব্ধ হয়েছেন। তারা ছাত্রবেতনের সঙ্গে হঠাৎ করে এই ৩০ টাকা বাড়তি ফী ধার্যের যুক্তিসঙ্গত কোন কারণ খুঁজে পাননি।

অভিভাবক মহল ছাত্রদের কাঁধে চাপানো ৩০ টাকার এই বাড়তি বোঝাটি লাঘব করার জন্যে স্কুল কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছেন।